



স্মারক নং ৩৭.০২.০০০০.১০৫.৩১.০৩১.১৯/৮২৪/৮

তারিখ : ২৬/০৩/২০১৯ খ্রি.

বিষয় : নাটোর জেলার বড়াইগ্রাম উপজেলাধীন রাজাপুর স্নাতক(সম্মান) কলেজের ব্যবস্থাপনা বিষয়ের প্রভাষক জনাব মো: আবু হেনা এর এমপিও কপিতে বিষয় সংশোধন।

সূত্র : রা/ক/ব্য/সং/০২/১৮ তারিখ : ১২/১২/২০১৮

নাটোর জেলার বড়াইগ্রাম উপজেলাধীন রাজাপুর স্নাতক(সম্মান) কলেজের ব্যবস্থাপনা বিষয়ের প্রভাষক জনাব মো: আবু হেনা এর এমপিও কপিতে বিষয় পরিবর্তন করে মার্কেটিং এর স্থলে ব্যবস্থাপনা অন্তর্ভুক্ত করার জন্য প্রতিষ্ঠান থেকে সূত্রোক্ত স্মারক মোতাবেক আবেদন করেন।

প্রতিষ্ঠান থেকে প্রাপ্ত তথ্য অনুযায়ী দেখা যায়, রাজাপুর ডিগ্রি কলেজটি ডিগ্রি কোডে এমপিওভুক্ত। জনবল কাঠামো মোতাবেক ব্যবস্থাপনা বিষয়ে ০২ জন শিক্ষক প্রাপ্য এবং জনাব মো: আশরাফুল আলম ও জনাব খলিফা মো: আলাউদ্দিন, ব্যবস্থাপনা বিষয়ে এমপিওভুক্ত আছেন। জনাব মো: আবু হেনা এর বিষয় হিসেবে এমপিও তে মার্কেটিং অন্তর্ভুক্ত আছে। জনাব আবু হেনা এর বিষয় পরিবর্তন করে ব্যবস্থাপনা অন্তর্ভুক্ত করার জন্য আবেদন করেন। অন্যদিকে জনাব মো: বাবলু রহমান ১৬/১১/২০১৫ তারিখে উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন বিষয়ের প্রভাষক পদে যোগদান করেন। প্রতিষ্ঠানের এমপিওতে জনাব মো: আবু হেনা এর বিষয় হিসেবে মার্কেটিং অন্তর্ভুক্ত থাকায় উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন বিষয়ে নিয়োগপ্রাপ্ত জনাব মো: বাবলু রহমানকে এমপিওভুক্ত করা যাচ্ছে না মর্মে প্রতিষ্ঠান থেকে আবেদন করেন।

এমতাবস্থায়, নাটোর জেলার বড়াইগ্রাম উপজেলাধীন রাজাপুর স্নাতক(সম্মান) কলেজের জনাব মো: আবু হেনার বিষয় সংশোধন এবং জনাব মো: বাবলু রহমান এর এমপিওভুক্তির বিষয়টি নিষ্পত্তির লক্ষ্যে ব্যবস্থাপনা ও মার্কেটিং বিষয়ে এমপিওভুক্ত শিক্ষকদের নিয়োগ সংক্রান্ত সকল রেকর্ডপত্র যাচাই করে জনবল কাঠামো মোতাবেক বিষয় সংশোধন এবং এমপিওভুক্তির বিষয়ে মতামত প্রদানের জন্য উপপরিচালক(কলেজ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল, রাজশাহীকে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হলো। প্রতিষ্ঠানটি সরেজমিনে পরিদর্শন করে সুস্পষ্ট সুপারিশসহ ৭(সাত) কর্মদিবসের মধ্যে তদন্ত প্রতিবেদন দাখিল করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(ফারহানা আক্তার)

সহকারী পরিচালক (কলেজ-৩)

ফোন নং ৯৫৫৬০৫৭।

ই-মেইল : ncollege@dshe.gov.bd

উপপরিচালক(কলেজ)  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা  
রাজশাহী অঞ্চল, রাজশাহী।

বিতরণ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল, রাজশাহী ;
- ০২। জেলা শিক্ষা অফিসার, নাটোর ;
- ০৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বড়াইগ্রাম, নাটোর;
- ০৪। সভাপতি, গভর্নিং বডি, রাজাপুর স্নাতক(সম্মান) কলেজ, বড়াইগ্রাম, নাটোর;
- ০৫। অধ্যক্ষ, রাজাপুর স্নাতক(সম্মান) কলেজ, বড়াইগ্রাম, নাটোর;
- ০৬। সংরক্ষণ নথি।